



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৯৬

আগামীকাল রাজশাহীতে অদম্য নারী পুরস্কার ২০২৪ অনুষ্ঠিত

রাজশাহী; ২৭ মাঘ (১০ ফেব্রুয়ারি):

বিভাগীয় প্রশাসনের আয়োজনে মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে রাজশাহী বিভাগের তৃণমূল পর্যায়ের সংগ্রামী নারীদের আত্মশক্তিতে উজ্জীবিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে আগামী (১১ ফেব্রুয়ারি) মঙ্গলবার জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে সকাল দশটায় বিভাগের শ্রেষ্ঠ অদম্য নারীদের সংবর্ধনা প্রদান করা হবে। বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক কেয়া খান।

অনুষ্ঠানে ৫টি ক্যাটাগরিতে রাজশাহী বিভাগের ৮ জেলার নির্বাচিত ৪০ জন অদম্য নারী পুরস্কার বিজেতাগণকে সংবর্ধনা দেয়া হবে।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৭:৪৫ঘ.